The Daily Star
0 2 JUN 2026

New trade deals vital before LDC graduation

UN body says

STAR BUSINESS REPORT

Bangladesh is entering a critical phase in its trade outlook as it prepares for graduation from least developed country (LDC) status, according to a recent assessment by the United Nations Economic and Social Commission for Asia and the Pacific (ESCAP).

The transition is expected to reshape the country's access to key global markets and expose exporters to higher tariffs unless new trade arrangements are secured.

Bangladesh has formally requested a deferral of its LDC graduation from November 2026 to 2029, reflecting concerns over the loss of preferential access under key schemes, particularly the European Union's Everything but Arms (EBA) initiative.

The EBA framework has long underpinned Bangladesh's export growth, especially in the ready-made garments sector, by providing duty-free access to European markets.

Under the current regional transition timeline, Bangladesh is still expected to graduate alongside other Asian LDCs in 2026, with most major trading partners likely to offer a three-year transition buffer. This would extend EBA-level benefits until around 2029, softening the immediate impact but not fully replacing long-term preferential access.

A central concern highlighted by ESCAP is the erosion of trade preferences, which could affect billions of dollars in export earnings across Asia-Pacific LDCs. For Bangladesh, the impact is expected to be most pronounced in the garments sector, where preferential margins remain a key factor in global competitiveness.

The EU is also preparing a revised Generalised Scheme of Preferences (GSP) for 2027-2034, including a strengthened GSP+ framework. Bangladesh may be eligible to apply for GSP+ after graduation, but access will depend on strict compliance with international standards covering labour rights, environmental scrutiny, particularly in areas such as workplace safety, inspections and freedom of association.

Other major markets are also undergoing policy shifts. The United Kingdom's Developing Countries Trading Scheme (DCTS) and Japan's Generalised System of Preferences remain important for Bangladesh's exports, but both are increasingly linking market access to sustainability and governance conditions.

China has introduced a zero-tariff regime for all LDCs, supporting exports from the poorest economies. However, Bangladesh is expected to lose this benefit after graduation, as China does not offer a comparable preferential framework for higher-income developing countries.

At the same time, the United States' Generalized System of Preferences remains expired, meaning Bangladesh continues to face standard Most Favoured Nation tariffs in the US market, further limiting preferential access options.

ESCAP notes that Bangladesh's long-term trade strategy will need to shift away from reliance on unilateral

critical phase in its trade outlook as it prepares for graduation from least developed country (LDC) status, according to a recent assessment by the United Nations Economic and Social Commission for Asia and the Pacific (ESCAP).

The transition is expected to reshape the country's access to key global markets and expose exporters to higher tariffs unless new trade arrangements are secured.

Bangladesh has formally requested a deferral of its LDC graduation from November 2026 to 2029, reflecting concerns over the loss of preferential access under key schemes, particularly the European Union's Everything but Arms (EBA) initiative.

The EBA framework has long underpinned Bangladesh's export growth, especially in the ready-made garments sector, by providing duty-free access to European markets.

Under the current regional transition timeline, Bangladesh is still expected to graduate alongside other Asian LDCs in 2026, with most major trading partners likely to offer a three-year transition buffer. This would extend EBA-level benefits until around 2029, softening the immediate impact but not fully replacing long-term preferential access.

A central concern highlighted by ESCAP is the erosion of trade preferences, which could affect billions of dollars in export earnings across Asia-Pacific LDCs. For Bangladesh, the impact is expected to be most pronounced in the garments sector, where preferential margins remain a key factor in global competitiveness.

The EU is also preparing a revised Generalised Scheme of Preferences (GSP) for 2027-2034, including a strengthened GSP+ framework. Bangladesh may be eligible to apply for GSP+ after graduation, but access will depend on strict compliance with international standards covering labour rights, environmental protection and governance, alongside legal commitments under conventions of the International Labour Organization.

Bangladesh has already ratified several key ILO conventions, though implementation remains under close scrutiny, particularly in areas such as workplace safety, inspections and freedom of association.

Other major markets are also undergoing policy shifts. The United Kingdom's Developing Countries Trading Scheme (DCTS) and Japan's Generalised System of Preferences remain important for Bangladesh's exports, but both are increasingly linking market access to sustainability and governance conditions.

China has introduced a zero-tariff regime for all LDCs, supporting exports from the poorest economies. However, Bangladesh is expected to lose this benefit after graduation, as China does not offer a comparable preferential framework for higher-income developing countries.

At the same time, the United States' Generalized System of Preferences remains expired, meaning Bangladesh continues to face standard Most Favoured Nation tariffs in the US market, further limiting preferential access options.

ESCAP notes that Bangladesh's long-term trade strategy will need to shift away from reliance on unilateral preferences towards deeper regional integration and reciprocal trade agreements. Frameworks such as the Asia-Pacific Trade Agreement and broader regional integration efforts are seen as key pathways to sustaining market access after graduation.

The Financial Express

0 2 JUN 2026

REER rise signals weaker trade competitiveness

JASIM UDDIN HAROON

Bangladesh's trade competitiveness weakened slightly as the Real Effective Exchange Rate (REER) index edged higher in April, reflecting persistent inflationary pressures and an overvalued taka relative to the currencies of the country's major trading partners.

The REER stood at 102.44 in April 2026, up 0.09 percentage points from March. The latest reading suggests that the local currency remains overvalued.

Based on the April 2026 REER reading, the indicative exchange rate for the US dollar was estimated at Tk 125.87, compared with the prevailing market rate of Tk 122.87.

This implies that the taka was overvalued by around 3.0 per cent during the period.

The REER index measures the value of the local currency against a basket of currencies from 17 major trading partners that account for more than 80 per cent of Bangladesh's external trade.

A REER reading below 100 generally signals improved export competitiveness, while a level above 100 indicates a relatively stronger domestic currency, making exports less competitive and imports relatively cheaper.

Globally, in the absence of an alternative benchmark for assessing currency misalignment, policymakers use the REER as a broad indicator of an economy's equilibrium exchange rate and seek to keep it close to the 100 mark.

A senior central banker said Bangladesh's inflation remained elevated relative to that of its trading partners, which was the principal factor behind the latest trend.

He added that the ongoing conflicts in the Middle East were also contributing to the overvaluation of the local currency.

The country has faced additional inflationary pressures following recent fuel price adjustments linked to the conflict involving Iran and Israel, developments that are expected to further influence REER dynamics.

HIGHER DOMESTIC INFLATION PUSHES THE TAKA ABOVE ITS EQUILIBRIUM LEVEL

TAKA REMAINS 3.0% OVERVALUED

REER 2026

MARCH	102.35
APRIL	102.44 ↑ 0.09 POINTS

DOLLAR RATE

TK 125.87	TK 122.87
INDICATIVE	MARKET

MAIN DRIVERS OF REER INCREASE

- Higher inflation
- Lower inflation among trading partners
- Rising fuel costs linked to Middle East tensions
- Stronger effective value of the taka

On December 31, 2024, the Bangladesh Bank allowed authorised dealers (ADs) to trade foreign currencies at freely negotiated rates.

The central bank also introduced a new foreign exchange intervention strategy and began publishing a daily reference benchmark exchange rate based on the weighted average of freely quoted market exchange rates.

In addition, ADs were instructed to report all foreign exchange transactions worth US$100,000 or more, or their equivalent, twice a day.

jasimharoon@yahoo.com

বাণিজ্য তথ্য কেন্দ্র
ঢাকা।

The Financial Express

0 2 JUN 2026

Leather traders limping along

NAZIMUDDIN SHYAMOL

Industry insiders urge the govt to set up a dedicated tannery estate

CHATTOGRAM, June 01: The tannery industry in the port city is steadily declining, as most tanneries have shut down due to a lack of government support and obstacles created by various agencies, including the Department of Environment (DoE).

There were around 30 tanneries in Chattogram before the country's independence, while the government nationalised the tanneries following independence. Subsequently, these enterprises were sold to the private sector.

Highlighting Chattogram's long-standing leather business heritage, President of the Greater Chattogram Raw Leather Traders Cooperative Association Md. Muslim Uddin said, "Most of the businessmen here have inherited the trade from their ancestors. They have been doing business since the Pakistan period. Even after independence, there were 22 tanneries in Chattogram, but the leather industry is suffering from a deep crisis today due to financial constraints, environmental problems and the wrong policies of the previous government."

Karnaphuli Tannery, Rowshan Tannery, Chattogram Tannery, Orient Tannery, Meghna Tannery, Jaman Rahman Tannery, Jubilee Tannery, Madina Tannery, Metropolitan Later Industry, and Reef Leather Limited were among the 22 tanneries. Even a decade ago, these factories were producing leather goods, but of them only two are now in operation while the remaining have already closed.

Reef Leather Limited, established in 1991, was the last major investment in the tannery sector in Chattogram. Since then, no new tannery has been set up.

Most of the tanneries were developed in the Antura Depot and Jalalabad areas in Chattogram while only Reef Leather Limited is located in Kalurghat Industrial Area.

Director of Reef Leather Industry Limited Muklesur Rahman said, "The leather and tannery sector is very important for Bangladesh as there is abundant rawhide. During Eid-ul-Azha alone, Chattogram supplies more than 700,000 pieces of rawhide every year. But unfortunately, most tanneries in Chattogram have shut down due to owners' negligence and a lack of investment."

If a dedicated tannery zone is established in Chattogram, the sector will be profitable, he said, adding that with modern technology and facilities, and given the availability of raw hides, the industry has significant potential for expansion in the port city. He urged the government to set up a special zone for tanneries in Chattogram like in Dhaka.

The government is, however, going to set up a special zone for tanneries on 300 acres of land in Mirerswari Economic Zone (MEZ). Bangladesh Small Industries Corporation (BSIC) sources said the government will set up three special zones for tanneries-one in Savar, one in MEZ and the other in Rajshahi.

Newly-elected President of Chattogram Chamber of Commerce and Industry Amirul Haque said of the total demand for rawhide, Chattogram supplies 40 to 50 per cent. If a special zone for tanneries is set up, the sector will be profitable, he added.

nazimuddinshyamol@gmail.com

বাণিজ্য তথ্য কেন্দ্র
ঢাকা।
রপ্তানি উন্নয়ন ব্যুরো

The Financial Express

0 2 JUN 2026

Trade through Benapole port resumes after Eid holiday

BENAPOLE, June 1 (UNB): Trade between Bangladesh and India through Benapole land port resumed on Monday following a seven-day suspension during the Eid holidays.

Benapole Port Director Shamim Hossain said with the holiday now over, bilateral trade through the land port has resumed.

Around 3,000 workers joined their duties from early morning to handle cargo loading and unloading, restoring normal operations at the port.

Import and export activities at Benapole land port remained suspended from May 25 to May 31 due to Eid vacation.

However, despite the halt in trade, passport-holder passenger movement between the two countries continued as usual during the holiday period.

Aminul Haque, Vice President of the Benapole Importers and Exporters Association, said businesspeople, C&F agents, customs officials, port authorities, and workers are now busy clearing goods.

He said prolonged holiday caused a backlog of cargo on both sides of the border but the situation is expected to improve as import-export activities and cargo clearance have resumed.

বাণিজ্য তথ্য কেন্দ্র
ঢাকা।
রপ্তানি উন্নয়ন ব্যুরো

সমকাল
0 2 JUN 2026

ইউরোপ, যুক্তরাষ্ট্রের বাজার হারিয়ে চামড়া রপ্তানি এখন চীননির্ভর

■ আনোয়ার ইব্রাহীম

তৈরি পোশাকের পর দেশের সবচেয়ে সম্ভাবনাময় রপ্তানি আয়ের উৎস চামড়া শিল্প। অথচ দুই যুগেরও বেশি সময় ধরে খাতটি অস্তিত্ব রক্ষার লড়াইয়ে আছে। ২০১২-১৩ অর্থবছরে মোট রপ্তানি আয়ের ৪ শতাংশের বেশি এসেছিল চামড়া ও চামড়াজাত পণ্য থেকে। কমতে কমতে এখন তা ২ শতাংশের ঘরে।

এ শিল্পের কাঁচামালের বড় অংশের জোগান আসে কোরবানির ঈদে। অথচ দাম না পেয়ে প্রতিবছর মূল্যবান প্রচুর চামড়া ফেলে দিচ্ছেন মৌসুমি ব্যবসায়ী ও কোরবানির চামড়া সংগ্রহ করা এতিমখানা ও মাদ্রাসা। যত পশু কোরবানি হয়, তার পুরো চামড়া কেনায় ট্যানারিগুলো আগ্রহ দেখায় না। ফলে ১৫ থেকে ২০ বছর আগেও যে গরুর চামড়া তিন হাজার টাকায় কেনাবেচা হতো, এখন তা ৬০০ টাকায়ও মিলছে না।

চামড়া ব্যবসায়ীরা জানান, সংকটের মূলে রয়েছে আন্তর্জাতিক মানদণ্ড অনুযায়ী পরিবেশগত কমপ্লায়েন্স নিশ্চিত করতে না পারা। সাভারের কেন্দ্রীয় বর্জ্য শোধনাগার (সিইটিপি) গত সাত বছরেও পূর্ণাঙ্গভাবে কার্যকর না হওয়ায় ইউরোপ ও আমেরিকার বড় ক্রেতাদের কাছে চামড়া রপ্তানি প্রায় বন্ধ হয়ে গেছে। ফলে দেশের চামড়া শিল্প এখন চীনের বাজারের ওপর নির্ভরশীল হয়ে পড়েছে, যেখানে চামড়ার দাম বিশ্ববাজারের তুলনায় অনেক কম।

২০১৭ সালে তৎকালীন সরকার রপ্তানি বহুমুখীকরণের অংশ হিসেবে সবচেয়ে সম্ভাবনাময় খাত হিসেবে এ খাতকে চিহ্নিত করেছিল। ২০১৯ সালে চামড়া নীতিও করা হয়। ২০২৪ সালের মধ্যে রপ্তানি ৫ বিলিয়ন ডলারে উন্নীত করার লক্ষ্যমাত্রাও ঘোষণা করা হয়। তবে ওই নীতিমালা ও ঘোষণা কেবল কাগুজে। এক দশকেরও বেশি সময়ে সাভারের চামড়া শিল্পনগরীর কেন্দ্রীয় বর্জ্য ব্যবস্থাপনা ঠিক করতে পারেনি সরকার।

রপ্তানি আটকে আছে বিলিয়ন ডলারে

রপ্তানি উন্নয়ন ব্যুরোর (ইপিবি) তথ্য বিশ্লেষণ করলে দেখা যায়, ২০১২-১৩ অর্থবছরে চামড়া ও চামড়াজাত পণ্য থেকে রপ্তানি আয় ছিল ৯৮ কোটি ডলার। ২০১৩-১৪ অর্থবছরে ১৩০ কোটি ডলারে পৌঁছায়। ওই বছর মোট রপ্তানিতে এই খাতের অংশ ছিল ৪.২৯ শতাংশ, যা এ যাবৎকালের সর্বোচ্চ। তবে এরপর থেকেই খাতটি পতনের দিকে ধাবিত হচ্ছে। ২০১৭ সালে হাজারীবাগ থেকে সাভারে ট্যানারি স্থানান্তরের পর থেকে রপ্তানি আয় নিম্নমুখী হতে শুরু করে।

২০১৯-২০ অর্থবছরে রপ্তানি আয় কমে ৮০ কোটি ডলারে নেমে আসে। কভিড-পরবর্তী সময়ে কিছুটা উন্নতি হয়। ২০২২-২৩ অর্থবছরে রপ্তানি হয় ১১৮ কোটি ডলারের। তবে এরপর ২০২৩-২৪ অর্থবছরে কমে হয় ১০৪ কোটি ডলার। সর্বশেষ ২০২৪-২৫ অর্থবছরে এ খাতে প্রায় ১১৫ কোটি ডলার রপ্তানি আয় এসেছে। চলতি অর্থবছরে প্রথম ১০ মাসে এসেছে প্রায় ৯৯ কোটি ডলার।

সংশ্লিষ্টদের বক্তব্য

বাংলাদেশ ট্যানার্স অ্যাসোসিয়েশনের (বিটিএ) সভাপতি শাহীন আহমেদ জানান, এলডব্লিউজি সনদ না থাকার কারণে তারা ইউরোপ-আমেরিকার বাজারে যেতে পারছেন না। দক্ষিণ কোরিয়া, জাপান ও ইউরোপীয় ইউনিয়ন একসময় মূল ক্রেতা ছিল। কিন্তু কমপ্লায়েন্সের কারণে ২০১৬ সালের পর থেকে তারা কেনাকাটা বন্ধ করে দিয়েছে।

শাহীন আহমেদ আরও জানান, একটি ইটিপি করতে প্রায় ১০ কোটি টাকা লাগে, যা বর্তমানে আর্থিকভাবে দুর্বল ট্যানারি মালিকদের পক্ষে বহন করা কঠিন হয়ে পড়েছে। সাভারের চামড়া শিল্পনগরীর সিইপিটির মাধ্যমে পুরো তরল বর্জ্য পরিশোধন করা যাচ্ছে না। ফলে ট্যানারিগুলো এ সনদ পাচ্ছে না।

চামড়া ব্যবসায়ী আফতাব খান রপ্তানি বাধার প্রধান কারণ হিসেবে বৈশ্বিক বাজারের পরিবর্তনকে দায়ী করেন। তিনি বলেন, 'আমাদের চামড়া বিশ্বের অন্যতম সেরা গুণগত মানের হওয়া সত্ত্বেও এলডব্লিউজি সার্টিফিকেট না পাওয়ায় আমরা পিছিয়ে পড়ছি।'

তিনি জানান, একসময় বাংলাদেশের চামড়ার প্রধান ক্রেতা ছিল জাপান, যারা সবচেয়ে বেশি দাম দিত। কিন্তু এখন চীনের ক্রেতারাই আমাদের একমাত্র ভরসা, যারা বিশ্বে সবচেয়ে কম দামে চামড়া কেনে। সাভারে যে সিইটিপি করা হয়েছে তা চীনাদের দ্বারা নির্মিত এবং এটি শুরু থেকেই অকার্যকর, যার খেসারত দিতে হচ্ছে পুরো শিল্পকে।

সংকট উত্তরণের নতুন পরিকল্পনা

সাভার চামড়া শিল্পনগরীর সিইটিপির ব্যবস্থাপনা পরিচালক মো. গোলাম শাহনেওয়াজ জানান, ইউরোপীয় ইউনিয়নের অর্থায়নে ইতোমধ্যে একটি 'রোডম্যাপ' তৈরি করা হয়েছে। ইতালির বিখ্যাত বিশেষজ্ঞ কোম্পানি ইটালপ্রোগেত্তি বর্তমানে সিইটিপির পূর্ণাঙ্গ ত্রুটি ও আধুনিকায়নের বিষয়ে বিস্তারিত মূল্যায়ন করছে, যার রিপোর্ট শিগগিরই পাওয়া যাবে। এই রিপোর্টের ভিত্তিতে সিইটিপিকে ইউরোপীয় স্ট্যান্ডার্ডে উন্নীত করার জন্য প্রয়োজনীয় সংস্কার ও আধুনিক প্রযুক্তি যুক্ত করা হবে।

তিনি জানান, সরকার ২০-৩০টি বড় ট্যানারিকে নিজস্ব ইটিপি করার ব্যাপারে উৎসাহিত করছে, যাতে কোরবানির সময়ের অতিরিক্ত লোড সামলানো যায়। এই পরিকল্পনায় ইতোমধ্যে বেশ কিছু বড় কোম্পানি যুক্ত হয়েছে। এর মধ্যে অ্যাপেক্স শেয়ারবাজার থেকে মূলধন সংগ্রহ করে নিজস্ব ইটিপি করার ঘোষণা দিয়েছে। সামিনা, বেঙ্গল, ঢাকা হাইড অ্যান্ড স্কিন, আঞ্জুমান এবং সালমা ট্যানারিও নিজস্ব উদ্যোগে ইটিপি করার জন্য কাজ শুরু করেছে।

যাদের সনদ রয়েছে

বর্তমানে দেশে শিল্পনগরীসহ মোট আটটি কোম্পানি এলডব্লিউজি সনদপ্রাপ্ত। এর মধ্যে পাইওনিয়ার ইতোমধ্যে গোল্ড সার্টিফিকেট অর্জন করে ইতালির প্রযুক্তি ব্যবহার করে সফল হয়েছে। এ ছাড়া রিফ লেদার, অস্টান লিমিটেড, এবিসি লেদার, সুপারেক্স লেদার, এসএএফ ইন্ডাস্ট্রিজ, পাইওনিয়ার সিমোনা ট্যানিং, সং শিন লেদারের এই সনদ আছে। নতুন করে এলডব্লিউজি সনদ পাওয়ার প্রক্রিয়ায় সদর ট্যানারি অত্যন্ত সক্রিয়ভাবে কাজ করছে।

গোলাম শাহনেওয়াজ আশাবাদ ব্যক্ত করেন, বড় কোম্পানিগুলো নিজস্ব ইটিপি করলে দ্রুত সনদ পাবে এবং সিইটিপি আধুনিকায়ন হলে পুরো শিল্পনগরীই আন্তর্জাতিক ক্রেতাদের আস্থায় ফিরে আসবে।

প্রথম আলো
0 2 JUN 2026

ইউরোপেও সবজি রপ্তানি কমেছে

রপ্তানি খাত

বিমানভাড়া বেশি হওয়ায় প্রতিযোগী দেশগুলোর সঙ্গে এখন আর পেরে উঠছেন না বাংলাদেশের শাকসবজি রপ্তানিকারকেরা।

শুভংকর কর্মকার, *ঢাকা*

ইরানের সঙ্গে যুক্তরাষ্ট্র ও ইসরায়েলের যুদ্ধ শুরু হওয়ার পর সৌদি আরব ছাড়া মধ্যপ্রাচ্যের সব দেশে বাংলাদেশের শাকসবজি রপ্তানিতে ধস নামে। যুদ্ধবিরতি কার্যকর হওয়ার পর একটি বাজারে রপ্তানি কিছুটা বাড়লেও অন্য দেশগুলোতে অবস্থার কোনো পরিবর্তন ঘটেনি। শুধু তা-ই নয়, ইরান যুদ্ধের প্রভাবে ইউরোপের একাধিক দেশেও বাংলাদেশের শাকসবজি রপ্তানি কমে গেছে।

একাধিক রপ্তানিকারকের সঙ্গে কথা বলে জানা গেছে, যুক্তরাষ্ট্র ও ইসরায়েলের সঙ্গে ইরানের যুদ্ধের কারণে ওই অঞ্চলে অন্যান্য পণ্যের মতো শাকসবজির চাহিদাও কমেছে। চাহিদা হ্রাস পাওয়ায় মধ্যপ্রাচ্যের চারটি দেশে বাংলাদেশের শাকসবজি রপ্তানি কমেছে। তবে ইউরোপের তিনটি গন্তব্যে রপ্তানি কমে যাওয়ার মূল কারণ ভিন্ন। সেটি হলো বিমানভাড়া বেড়েছে। এর ফলে গ্রীষ্মকালীন ফলমূল রপ্তানিও অস্বাভাবিকভাবে কমে যেতে পারে বলে আশঙ্কা প্রকাশ করেছেন দেশের রপ্তানিকারকেরা।

জানা গেছে, শাকসবজি ও ফলমূল রপ্তানিকারকদের সংগঠন বাংলাদেশ ফ্রুটস, ভেজিটেবলস অ্যান্ড অ্যালাইড প্রোডাক্টস এক্সপোর্টার্স অ্যাসোসিয়েশনের (বিএফভিএপিইএ) নেতারা ঢাকা থেকে লন্ডন, রোম ও টরন্টো এবং মধ্যপ্রাচ্যের বিভিন্ন গন্তব্যে শাকসবজি, ফলমূল ও পান পরিবহনের ভাড়া কমিয়ে সহনীয় পর্যায়ে নামিয়ে আনতে বিমান বাংলাদেশের ব্যবস্থাপনা পরিচালককে (এমডি) চিঠি দিয়েছে। গত ১১ মে লেখা ওই চিঠিতে বলা হয়, বিমানভাড়া না কমানো হলে প্রতিবেশী দেশের সঙ্গে প্রতিযোগিতা করে শাকসবজি ও ফলমূল রপ্তানিতে টিকে থাকা যাবে না। এর ফলে দেশের কৃষিপণ্যের রপ্তানি বাধাগ্রস্ত হবে।

খাতসংশ্লিষ্ট ব্যক্তিরা *প্রথম আলো*কে জানান, সাধারণত বাংলাদেশ থেকে শীত মৌসুমে দিনে ৩৫ থেকে ৪০ টন শাকসবজি রপ্তানি হয়ে থাকে। এর মধ্যে প্রায় ৪০ শতাংশের গন্তব্য মধ্যপ্রাচ্যের দেশ সৌদি আরব, সংযুক্ত আরব আমিরাত (ইউএই), কাতার, কুয়েত, বাহরাইন ও ওমান। এর বাইরে ইউরোপীয় দেশগুলোর মধ্যে যুক্তরাজ্য, জার্মানি, ফ্রান্স ও ইতালি এবং উত্তর আমেরিকায় কানাডা, যুক্তরাষ্ট্রসহ কিছু দেশে রপ্তানি হয় বাংলাদেশের সবজি। বর্তমানে ১৮০টি রপ্তানিকারক প্রতিষ্ঠান নিয়মিত সবজি রপ্তানি করে। গ্রীষ্ম মৌসুমে অবশ্য শাকসবজি রপ্তানি কিছুটা কমে যায়। তবে তখন মৌসুমি ফলমূলের রপ্তানি বৃদ্ধি পায়।

> ▶ বাংলাদেশি সবজির বড় বাজারগুলো হচ্ছে সৌদি আরব, সংযুক্ত আরব আমিরাত (ইউএই), কাতার, কুয়েত, বাহরাইন, ওমান, যুক্তরাজ্য, জার্মানি, ফ্রান্স, ইতালি, কানাডা ও যুক্তরাষ্ট্র।

> **মধ্যপ্রাচ্য ও ইউরোপের ১০-১২টি গন্তব্যে নজর দিলে সবজি রপ্তানি বাড়ানো সম্ভব। বিশেষ করে বাংলাদেশ বিমানসহ অন্যান্য এয়ারলাইনসের ভাড়া যদি সহনীয় রাখা হয় তাহলেই এটি সহজে করা সম্ভব।**
>
> মোহাম্মদ মনসুর, সাধারণ সম্পাদক, বিএফভিএপিইএ

একাধিক ব্যবসায়ী *প্রথম আলো*কে জানান, ইরান যুদ্ধের কারণে মধ্যপ্রাচ্যে বিমান চলাচল বন্ধ হওয়ার পর থেকে শাকসবজি রপ্তানির ক্রয়াদেশ বাতিল হতে থাকে। নতুন করে ক্রয়াদেশও আসছিল না। এতে সৌদি আরব ছাড়া অন্য গন্তব্যগুলোতে রপ্তানি কমতে থাকে। যদিও যুদ্ধবিরতি কার্যকর হওয়ার পর সংযুক্ত আরব আমিরাতে (ইউএই) সবজি রপ্তানি বেড়েছে।

সরকারি সংস্থা রপ্তানি উন্নয়ন ব্যুরোর (ইপিবি) তথ্য অনুযায়ী, চলতি ২০২৫-২৬ অর্থবছরের প্রথম ১০ মাস জুলাই-এপ্রিলে দেশ থেকে মোট ৬ কোটি ৯৫ লাখ মার্কিন ডলার মূল্যের সবজি রপ্তানি হয়েছে। এই রপ্তানি এর আগের ২০২৪-২৫ অর্থবছরের একই সময়ের তুলনায় ১০ শতাংশ বেশি। চলতি অর্থবছরের প্রথম আট মাসে (জুলাই-ফেব্রুয়ারি) এখনো শাকসবজি রপ্তানি ইতিবাচক ধারায় রয়েছে।

কোন গন্তব্যে কত রপ্তানি

ইরানের সঙ্গে ইসরায়েল ও যুক্তরাষ্ট্রের যুদ্ধের মধ্যেও সৌদি আরবে ফ্লাইটের পাশাপাশি শাকসবজি রপ্তানি মোটামুটি স্বাভাবিক ছিল। তবে যুদ্ধবিরতি কার্যকরের পর ইউএইতে এপ্রিলে রপ্তানি বেড়ে ১২ লাখ ডলারে দাঁড়ায়। এর আগের মাসে দেশটিতে রপ্তানি হয়েছিল ৯ লাখ ডলারের শাকসবজি।

কয়েকজন রপ্তানিকারকের সঙ্গে কথা বলে জানা যায়, কাতারে সবজি রপ্তানি স্বাভাবিক সময়ের তুলনায় ৪০ শতাংশ কমে গেছে। যুদ্ধের আগে দেশটিতে সপ্তাহে চার দিনে প্রায় ৬০ টন সবজি রপ্তানি হলেও এখন যাচ্ছে ৪০ টনের মতো। অন্যদিকে কুয়েতে আগে সপ্তাহে ৪ দিনে ২০ টন সবজি রপ্তানি হতো। এখন সপ্তাহে দুই দিনে ছয়-সাত টন সবজি যাচ্ছে। কুয়েতে তাদের নিজস্ব বিমান কুয়েত এয়ারলাইনস ছাড়া অন্য কোনো এয়ারলাইনস ফ্লাইট অপারেশন বা বিমান চালানোর অনুমতি পাচ্ছে না। বাহরাইনে রপ্তানি খুবই কম হচ্ছে। এর কারণ, সে দেশে পণ্য পরিবহনে বিমানের ভাড়া বেশি।

এদিকে কানাডার টরন্টোতে শাকসবজি রপ্তানি নিয়ে সংকট দেখা দিয়েছে। এর কারণ বিমানভাড়া। যেমন গত জানুয়ারিতে বিমানে প্রতি কেজি সবজি পরিবহনে তিন থেকে সাড়ে তিন ডলার ভাড়া ছিল। এখন সেটি বেড়ে দাঁড়িয়েছে ছয় ডলারে। অর্থাৎ কানাডায় প্রতি কেজি সবজি পরিবহনে ৩২০ টাকা ব্যয় বেড়েছে। এত ভাড়া দিয়ে পণ্য নিতে চান না কেউ। এই সুযোগে বাংলাদেশের প্রতিযোগী দেশগুলো এগিয়ে যাচ্ছে। এদিকে যুক্তরাজ্য ও ইতালির রোমেও তীব্র প্রতিযোগিতার মুখে পড়েছে বাংলাদেশের শাকসবজি। এর কারণ, এমিরেটস এয়ারলাইনসে প্রতি কেজি সবজি পরিবহনের ভাড়া চার ডলার হলেও সংস্থাটি নিচ্ছে ৪ দশমিক ৭ ডলার। এতে রোমের বাজারে সবজি রপ্তানি কমে গেছে।

রপ্তানি উন্নয়ন ব্যুরোর (ইপিবি) তথ্য অনুযায়ী, গত ফেব্রুয়ারিতে কানাডায় ২ লাখ ৭৯ হাজার ডলারের শাকসবজি রপ্তানি হয়। পরের মাসে সেটি কমে ২ লাখ ৩০ হাজার ডলারে নেমে আসে। এপ্রিলে রপ্তানি হয় ২ লাখ ৭০ হাজার ডলারের সবজি।

গত ফেব্রুয়ারিতে যুক্তরাজ্যে ১৬ লাখ ডলারের শাকসবজি রপ্তানি হয়। পরের দুই মাসে তা কমে হয় যথাক্রমে ১২ ও ১০ লাখ ডলার। ফেব্রুয়ারিতে জার্মানিতে ৪৫ লাখ ডলারের শাকসবজি রপ্তানি হয়। পরের মাসে তা কমে হয় ১৩ লাখ ডলার। গত এপ্রিলে দেশটিতে রপ্তানি হয় ৩১ লাখ ডলারের শাকসবজি।

এ ছাড়া গত ফেব্রুয়ারিতে ৪ লাখ ৪৩ হাজার ডলারের শাকসবজি রপ্তানি হয় ইতালিতে। পরের দুই মাসে কমে হয়ে যথাক্রমে ২ লাখ ৪২ হাজার ও ২ লাখ ৩০ হাজার ডলার।

সার্বিক পরিস্থিতি জানতে চাইলে শাকসবজি ও ফলমূল রপ্তানিকারকদের সংগঠন বিএফভিএপিইএর সাধারণ সম্পাদক মোহাম্মদ মনসুর *প্রথম আলো*কে বলেন, 'মধ্যপ্রাচ্য ও ইউরোপের ১০-১২টি গন্তব্যে নজর দিলে সবজি রপ্তানি বাড়ানো সম্ভব। বিশেষ করে বাংলাদেশ বিমানসহ অন্যান্য এয়ারলাইনসের ভাড়া যদি সহনীয় রাখা হয়, তাহলেই এটি সহজে করা সম্ভব। সামনে আম-কাঁঠাল-লিচুর ভরা মৌসুম। বর্তমানে যে অস্থিরতা চলছে, তাতে এবার রপ্তানি কম হতে পারে। অথচ গত বছর কাতারে ফল উৎসবে আমরা অভাবনীয় সাফল্য পেয়েছি। বাংলাদেশের আম কিনতে কত মানুষ ভিড় করেছে।'